

উপজেলা স্বাস্থ্য কমিটির নিয়মিত সভা





উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোসাঃ মাহমুদা খানম রুমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ত্রিশাল, ময়মনসিংহ। তারিখঃ ২৪ আগস্ট, ২০২১ খ্রিঃ, সময় : অপরাহ্ন ৩.০০ ঘটিকা।

অংশ গ্রহণকারীর তালিকা ও হাজিরা

ক্রঃনং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১।	জনাব ডাঃ মোঃ নজরুল ইসলাম	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ	সদস্য সচিব	
০২।	জনাব গোলাম মোহাম্মদ বাদল	চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ	সদস্য	
০৩।	জনাব আলিম আল রাজি হেরেম	সি.এইচ.সি.পি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ।	সদস্য	
০৪।	জনাব মামুন মোর্শেদ	সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ধানীখোলা, ত্রিশাল, ময়মনসিংহ	সদস্য	

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ মোঃ নজরুল ইসলাম কে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি
কোভিড-১৯ মহামারি কালিন সময় করোনা ভাইরাসের বিস্তার রোধে ত্রিশাল উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত কর্মশালার আয়োজন বিষয়ক পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।	কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আপনারা সকলেই জানেন যে, সমগ্র বিশ্ববাসীর সাথে আমরাও করোনা মহামারির বিপর্যয়ের মধ্য দিয়ে সময় পার করছি। আগ্রাহর অশেষ কৃপায় এখনও পর্যন্ত আমাদের উপজেলায় মারাত্মক রকমের কোন ক্ষয়ক্ষতির সম্মুখীন হই নি। তাই আগামী দিনের জন্য বেশি করে সতর্ক হতে হবে এবং সর্বস্তরের জনগণ কে এ বিষয়ে সচেতন করতে হবে। কোভিড-১৯ একটি নতুন মারাত্মক ছোঁয়াচে রোগ তাই এর কোন কিছু সম্পর্কেই মানুষ ভালভাবে জানেন না। ফলে তারা প্রয়োজনীয় সুরক্ষা গ্রহণ করতে পারবেন না এটাই স্বাভাবিক। তাই কোভিড-১৯ মহামারি কালিন সময় করোনা ভাইরাসের বিস্তার রোধে উপজেলার সকল স্তরের জনগণের করোনা কালিন স্বাস্থ্য সচেতনতা বিষয়ক পদক্ষেপ গ্রহণ করা একান্ত জরুরী। সভাপতি মহোদয় জানান, উপজেলা পরিষদের অনুমোদন পেলে আগামী অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের যে প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে সেখানে আমরা ত্রিশাল উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের জন্য একটি প্রশিক্ষণের প্রস্তাব করতে পারি। এতে তাদের মাধ্যমে এ সচেতনতামূলক প্রচারণা সমগ্র উপজেলাবাসীর কাছে পৌঁছাবে বলে আমার বিশ্বাস। সভার সকলেই এ প্রস্তাব সমর্থন করেন এবং “ ত্রিশাল উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত কর্মশালা ” শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	সিদ্ধান্তঃ “ত্রিশাল উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত কর্মশালা ” শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ মাহমুদা খানম রুমা)

সভাপতি, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষাবিষয়ক কমিটিরও

মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,

ত্রিশাল, ময়মনসিংহ।

তারিখ: ২৪ আগস্ট, ২০২১ খ্রিঃ

বিতরণঃ - কমিটির সদস্য

- উপজেলা চেয়ারপারসন

- ইউএনও

- সংশ্লিষ্ট বিভাগের প্রধান